

২০২৪

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমিস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[ নতুন পাঠ্যক্রম ]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' — উপন্যাসের পর্ব সংখ্যা কয়টি?  
উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়?খ) 'ইবারে যে পুজোটি গেল মুকব্বি, তার পাঁঠাটি খুঁতো ছিলেন...।'  
— কে এই উক্তিটি করেছে? প্রসঙ্গ উল্লেখ করো।গ) '— তুমিই ঘরের আসল গিন্নী, যেমন ছিলে, তেমনি রইলে,  
আটপৌরের মেয়ে ঘরে আসছে, ছেলেপুলে হবে, খাটবে-খুটবে  
খাবে। বুঝলে?... ' — উদ্ধৃতিটি কার লেখা, কোন রচনার  
অংশ? কে, কাকে একথা বলেছে?

[পরপৃষ্ঠায়]

- ঘ) 'আস্তাকুঁড়ের সে অন্ন তো আর তুলে নেবার উপায় নাই।' — একথা কে, কাকে বলেছে? 'আস্তাকুঁড়' কী?
- ঙ) 'এঁটো ভাত খাবে না, নেমন্তন্ন চাই — জুতো না মেরে সব মাথায় উঠেছে।' — বক্তা কে? কোন প্রসঙ্গে একথা বলেছে?
- চ) 'পথের পাঁচালী' উপন্যাসটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? 'পথের পাঁচালী' উপন্যাসের পরিচ্ছেদ সংখ্যা কত?
- ছ) 'সে তো অন্নদামঙ্গলে আছে...' — অন্নদামঙ্গল কী? কে রচনা করেন?
- জ) 'কেন ভাই ওদের তাড়িয়ে দিলে তুমি হিংসুক কিন্তু সতুদা।' — বক্তা কে? উদ্ধৃতাংশটিতে কাদের তাড়িয়ে দেবার কথা বলা হয়েছে?
- ঝ) 'আমি মরবার সময় বইখানা তোমাকে দিয়ে যাবো দাদু' — কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন? বইখানির নাম কী?
- ঞ) 'ধুলা ও মাকড়ার বুল মাখা হইলেও জিনিসটা কী বা তাহার ইতিহাস বুঝিতে তাহার বাকী রহিল না।' — বক্তা কে? কোন জিনিসের কী ইতিহাসের কথা বলা হয়েছে?
- ট) 'অমাবস্যার গান' উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কয়টি? উপন্যাসটি কাকে কেন্দ্র করে রচিত হয়েছে?
- ঠ) 'তুমি মেয়ে মানুষেরও অধম।' মেয়ে মানুষের অধম কে? বক্তা কে?
- ড) 'মৃত্যুভয়! আমি বাঘ না ভালুক?' — উদ্ধৃতাংশটি কার লেখা কোন রচনার অংশ?

- ঢ) 'আমিই তোমার ধর্মের পথে কাঁটা দিয়েছি...' কে কীভাবে ধর্মের পথে কাঁটা দিয়েছে?
- ণ) 'আমি শাস্ত না বৈষম্য নিজেই জানি না...' — কে, কাকে এই উক্তি করেছেন? কেন একথা বলেছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাস অবলম্বনে করালী চরিত্রটির গুরুত্ব বিচার করো।
- খ) 'উপকথার ছোটো নদীটি ইতিহাসের বড়ো নদীতে মিশে গেল' — 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাস অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- গ) 'পথের পাঁচালী' উপন্যাসে 'ইন্দ্রিা ঠাকরুণ' চরিত্র সৃষ্টিতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- ঘ) 'পথের পাঁচালী' উপন্যাসে বিভূতিভূষণের নিসর্গ চেতনার যে পরিচয় মেলে — তার বিবরণ দাও।
- ঙ) 'অমাবস্যার গান' উপন্যাস অবলম্বনে 'সৌদামিনী' চরিত্রটি বিশ্লেষণ করো।
- চ) 'অমাবস্যার গান' উপন্যাসে সমকালীন দেশ-কাল-সমাজের যে প্রতিচ্ছবি ফুটে উঠেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটিতে প্রবীণ ও নবীনের দ্বন্দ্ব কীভাবে প্রকট হয়ে উঠেছে — তা বুঝিয়ে দাও।
- খ) আঞ্চলিক উপন্যাস হিসাবে 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের সার্থকতা বিচার করো।

গ) “বল্লালী বালাই” এবং “অক্রুর সংবাদ” — “পথের পাঁচালী” উপন্যাসের অপরিহার্য অংশ নহে” — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

ঘ) “অমাবস্যার গান” উপন্যাসটি ঐতিহাসিক উপন্যাস হিসাবে কতখানি সার্থক হয়েছে তা বিচার করো।

---